

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭২৬
কৈলাসহর, ২৩ মে, ২০২৬

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক
উনকোটি জেলায় প্রায় ৯৯.৯ শতাংশ শিশু
ইতিমধ্যেই এম.আর.-১ টিকা গ্রহণ করেছে

উনকোটি জেলায় হাম ও রুবেলা সংক্রমণ বিষয়ে জনগণকে সচেতন করার লক্ষ্যে আজ উনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন এক সাংবাদিক সম্মেলনে মিলিত হন। জেলাশাসক কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, আমাদের পার্শ্ববর্তী দেশ বাংলাদেশে হাম ও রুবেলার সংক্রমণ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ত্রিপুরা সীমান্তবর্তী রাজ্য হওয়ায় উনকোটি জেলাতেও এই সংক্রমণের ঝুঁকি রয়েছে। উনকোটি জেলার লাটিয়াপুড়া এলাকা, ইরানি পঞ্চায়েত ও জলাই পঞ্চায়েতের কিছু এলাকায় কয়েকটি ঘটনা চিহ্নিত হয়েছে। তিনি জানান, হাম ও রুবেলা রোগটি খুব দ্রুত একজন থেকে আরেকজনের শরীরে ছড়িয়ে পড়ে। বিশেষ করে শূন্য থেকে ৫ বছর বয়সী শিশুরা বেশি সংক্রমিত হয়। তাই ৯ মাস বয়সী শিশুদের এম.আর.-১ এবং ১৫ মাস বয়সী শিশুদের এম.আর.-২ টিকা দেওয়া হচ্ছে। তবে বর্তমান পরিস্থিতি বিবেচনা করে ১৩ বছর পর্যন্ত বয়সী শিশুদেরও এম.আর. টিকাকরণ অভিযানের আওতায় আনা হয়েছে। উনকোটি জেলায় প্রায় ৯৯.৯ শতাংশ শিশু ইতিমধ্যেই এম.আর.-১ টিকা গ্রহণ করেছে। শিশুদের জ্বর ও শরীরে লালচে ফুসকুরি বা দাগ এই ধরনের উপসর্গ দেখা দিলে দ্রুত স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করার জন্য জেলাশাসক অভিভাবকদের প্রতি আহ্বান জানান। পাশাপাশি প্রশাসনের পক্ষ থেকেও বাড়ি বাড়ি সমীক্ষা, বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির এবং সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন এন.এইচ.এম.-এর জয়েন্ট মিশন ডিরেক্টর ডা. নূপুর দেববর্মা, বিশ্ব স্বাস্থ্য সংস্থার এস.এম.ও. ডা. রণদীপ সাহা প্রমুখ।
